



তারিখ: ১২ জানুয়ারি, ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

“মাস্কাতার আমলের সিলেবাস দিয়ে বিশ্ববিদ্যালয় চলবে না” - উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়

আজ রবিবার ১২ জানুয়ারি ২০২৫ বেলা ৩.৩০ মিনিটে মুন্সীগঞ্জের সিরাজদীখান উপজেলায় অবস্থিত বিক্রমপুর কুঞ্জবিহারী সরকারি কলেজ কর্তৃক আয়োজিত "তারুণ্যের উৎসব ২০২৫" অনুষ্ঠানের শুভ উদ্বোধন উপলক্ষ্যে বিশেষ অতিথির বক্তব্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহ এ কথা বলেন। বিগত দশকগুলোতে সংস্কারাভিত প্রথাবদ্ধতার চাপে পিষ্ট হয়ে চলতে থাকা মাস্কাতার আমলের সিলেবাস কোনোভাবেই বর্তমান সময়ের চাহিদা পূরণ করবে না বলেও মন্তব্য করেন তিনি।

বর্তমান সিলেবাস এবং পাঠ্যপুস্তকের তীব্র সমালোচনা করে উপাচার্য বলেন, “যে সিলেবাসের ভিত্তিতে কলেজগুলোর একাডেমিক কার্যক্রম পরিচালিত হয়, সেই পাঠ্যক্রমের আওতায় ডিগ্রী নিয়ে প্রতি বছর নতুন বেকার তৈরী হচ্ছে যা রাষ্ট্রীয় সমস্যা বাড়িয়ে তুলছে।” একটা বৃহৎ গ্রাজুয়েট জনগোষ্ঠীকে শুধুমাত্র মাস্কাতার আমলের সিলেবাস পড়িয়ে বেকারত্ব সৃষ্টি করা হচ্ছে বলেও মন্তব্য করেন উপাচার্য অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহ। এই সমস্যা সমাধানকল্পে তথ্যপ্রযুক্তি নির্ভর কর্মমুখী শিক্ষার পাশাপাশি ট্রেড কোর্স অন্তর্ভুক্ত করে মাস্কাতার আমলের টেক্সটবুক এবং সিলেবাস সংস্কার করে নতুন সিলেবাসের দিকে মনোযোগ দিচ্ছে জাতীয় বিশ্ববিদ্যালয়।

"তারুণ্যের উৎসব ২০২৫" অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অন্তর্বর্তীকালীন সরকারের স্বরাষ্ট্র ও কৃষি মন্ত্রণালয়ের উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অবঃ)। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জুলাই বিপ্লবে সিরাজদীখানের ১ম শহীদ সমুদ্রের মাতা, মুন্সীগঞ্জের জেলা প্রশাসক, বিক্রমপুর কুঞ্জবিহারী সরকারি কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষক এবং অন্যান্য আমন্ত্রিত অতিথিবৃন্দ।

বার্তা প্রেরক

মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়